



# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০৮১-৭০০৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি./তথ্য ও জন./প্রে.বি/২০০৯/৫৪৩

তারিখ: ১১/০৩/২০২৫ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

# কুবি ও ওভাই সলুসন্স লিঃ এর মধ্যে GPS ট্র্যাকার সার্ভিস চুক্তি স্বাক্ষর

কুমিল্লা বিশ্ববিদ্যালয় ও ওভাই সলুসন্স লিঃ এর মধ্যে GPS ট্র্যাকার সার্ভিস চুক্তি স্বাক্ষরিত হয়েছে। গতকাল ১০ মার্চ সোমবার বেলা ১২.৩০ টায় ট্রেজারার মহোদয়ের কার্যালয়ে এ দুই প্রতিষ্ঠানের মধ্যে ObhaiVTS এর GPS ট্র্যাকার সার্ভিস চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়।

চুক্তিতে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান এবং ওভাই সলুসন্স লিঃ এর পক্ষে স্বাক্ষর করেন ডিজিএম মোঃ মাহবুবুর রহমান। এ সময় উপস্থিত ছিলেন রেজিস্ট্রার অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন, ব্যবস্থাপনা শিক্ষা বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. শেখ মকছেদুর রহমান, প্রকৌশল দপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ জাকির হোসেন, পরিবহন পুলের সহকারী রেজিস্ট্রার মোঃ মোশারফ হোসেন ভূঁইয়া এবং ওভাই সলুসন্স লিঃ এর এসিস্ট্যান্ট ম্যানেজার খালিদ হাসান।

এ চুক্তির আওতায় কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী বিশ্ববিদ্যালয়ের গাড়িসমূহ ট্র্যাকিং করে গাড়ি কোথায় আছে, পৌঁছাতে কতক্ষণ সময় লাগবে, কখন গাড়ী ছাড়বে ইত্যাদি খুব সহজে জানতে পারবে। এছাড়াও বিশ্ববিদ্যালয় প্রশাসন দূর থেকে চালক ও গাড়ীর খোঁজ রাখা, গাড়ির ইঞ্জিন নিয়ন্ত্রণ করা সহ ২৪ ঘন্টা বিশ্ববিদ্যালয়ের গাড়িসমূহ ট্র্যাক করতে পারবে।

এই সুবিধা পাওয়ার জন্য স্মার্টফোনে ObhaiVTS ট্র্যাকার ইন্সটল করতে হবে।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি